



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর  
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন  
৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা-১২১২।  
[www.ddm.gov.bd](http://www.ddm.gov.bd)

নং ৫১.০১.০০০০.০১১.১৪.১৬৪.২০.১৪১

তারিখঃ ০৯ এপ্রিল, ২০২০ খ্রি.  
২৬ বৈশাখ, ১৪২৬ব.

প্রেরকঃ পরিচালক (কাবিখা)  
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।

প্রাপকঃ জেলা প্রশাসক, নীলফামারী।

বিষয়ঃ ২০১৯-২০২০ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা) কর্মসূচির আওতায় চালের বিশেষ বরাদ্দ।

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের ১৫/০৩/২০২০ তারিখের ৫১.০০.০০০০.৪২২.১৪.০০১.১৯ (অংশ-৮).৯৫ নং মঞ্জুরী আদেশের প্রেক্ষিতে চলতি ২০১৯-২০২০ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা) কর্মসূচির আওতায় উল্লিখিত নির্বাচনী এলাকার পার্শ্বে বর্ণিত হারে ৪০০ (চারশত) মে.টন চাল নিম্নবর্ণিত শর্তে (বিশেষ বরাদ্দ) প্রদান করা হলো।

২। এই ব্যয় চলতি ২০১৯-২০২০ অর্থ বছরের বাজেট কোড নং ১৪৯০১০১-২১১০০০২০৩-৩৭২২১০১ হতে ব্যয় নির্বাহ করার জন্য অনুরোধ করা হলো।

ক্রমিক	নির্বাচনী এলাকা	বরাদ্দের পরিমাণ (চাল)
১.	১২ নীলফামারী-১	৪০০ (চারশত) মে.টন চাল
	মোটঃ	৪০০ (চারশত) মে.টন চাল।

**শর্তসমূহঃ**

- (১) এই প্রকল্পের খাদ্যশস্য উত্তোলন ও বাস্তবায়নের সময়সীমা ৩০/০৬/২০২০ খ্রি.;
- (২) দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় থেকে সর্বশেষ জারীকৃত “গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা-খাদ্যশস্য/নগদ টাকা) কর্মসূচি নির্দেশিকা” অনুসারে প্রাক্কলন প্রস্তুতসহ অন্যান্য অনুচ্ছেদ এবং সকল বিধি-বিধান/পদ্ধতি অনুসরণ করে প্রকল্প বাস্তবায়ন করতে হবে এবং দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় ও দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর বরাবরে বাস্তবায়ন প্রতিবেদন প্রেরণ করতে হবে;
- (৩) এ কর্মসূচির খাদ্যশস্য ব্যয়ে প্রচলিত সকল আর্থিক বিধি-বিধান ও শর্ত-১ এ বর্ণিত নির্দেশিকা-এর অনুশাসনাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- (৪) বাস্তবায়নামূলক প্রকল্প এলাকার (ইউনিয়ন/ পৌরসভা) নির্বাচিত ইউপি সদস্য/কাউন্সিলরকে প্রকল্পের সভাপতি করার ক্ষেত্রে অগ্রাধিকার দিতে হবে;
- (৫) বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ন্যায় মসজিদ, মন্দির রক্ষণাবেক্ষণ উন্নয়ন প্রকল্পে ইমাম/পুরোহিতকে পিআইসি’র সভাপতি করতে হবে;
- (৬) নির্ধারিত সময়সীমার মধ্যে কাজ সম্পন্ন না হলে প্রকল্প বাতিল করা এবং দায়ী ব্যক্তিগণকে চিহ্নিত করে বরাদ্দকৃত খাদ্যশস্য ফেরৎ নেয়াসহ দেশের প্রচলিত আইন/বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- (৭) কোন প্রকল্প ডুয়া হিসেবে চিহ্নিত হলে আবেদনকারীকে দায়ী করে দেশে প্রচলিত/ আইন বিধির আওতায় আনতে হবে;
- (৮) নতুনভাবে তৈরিকৃত/ সংস্কারকৃত গ্রামীণ রাস্তার দুই পার্শ্বে স্থানীয় কৃষি বিভাগের পরামর্শক্রমে তালগাছের চারা রোপনের কার্যক্রম অন্তর্ভুক্ত করতে হবে;
- (৯) কোন প্রকল্প ডুপ্লিকেশন হলে ঐ প্রকল্পে বরাদ্দকৃত খাদ্যশস্য সরকারি কোষাগারে ফেরৎ প্রদান করতে হবে;
- (১০) পরিদর্শন, পরিবীক্ষণ ও মূল্যায়নের মাধ্যমে প্রকল্পের বাস্তবায়ন নিশ্চিত করতে হবে;
- (১১) নিরীক্ষার জন্য হিসাব ভাউচার ও মাস্টাররোল যথাযথিত সংরক্ষণ করতে হবে।

০৪। এতে মহাপরিচালক মহোদয়ের সদয় অনুমোদন রয়েছে।

০২.০৪.২০২০  
(মো: আবু বকর সিদ্দিক)

যুগ্মসচিব  
পরিচালক (কাবিখা)  
ফোন: ৯৮৬১১১৩  
E-mail : ddmreport@gmail.com

চলমান পাতা-২

নং ৫১.০১.০০০০.০১১.১৪.১৬৪.২০.১৪১

তারিখঃ ০৯ এপ্রিল, ২০২০ খ্রি.  
২৬ বৈশাখ, ১৪২৬ব.

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১। মাননীয় সংসদ সদস্য, নির্বাচনী এলাকা ১২ নীলফামারী-১, নীলফামারী।
- ২। বিভাগীয় কমিশনার, রংপুর।।
- ৩। পরিচালক (মুওপ), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
- ৫। জেলা খাদ্য নিয়ন্ত্রক, নীলফামারী।
- ৬। কম্পিউটার প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর। (বরাদ্দপত্রটি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৭। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, নীলফামারী।

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

- ১। সিনিয়র সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। মহাপরিচালক এর ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

(মো: আবু বকর সিদ্দিক)  
যুগ্মসচিব  
পরিচালক (কাবিখা)  
ফোন: ৯৮৬১১১৩

E-mail : ddmreport@gmail.com